গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
ওয়েব: www.bkkb.gov.bd

নম্বর: ০৫.৮১.০০০০.০০৭.১১.০০১.২৩-১৭৮

তারিখ: ২৪ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ
০৭ মে, ২০২৪ খ্রিস্টাব্দ

## সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৩ অনুযায়ী বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিয়োগযোগ্য নিম্নোক্ত ছকে বর্ণিত শূণ্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://bkkb.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, বোর্ডের ২৯ মে, ২০২৩ তারিখের ০৫.৮১.০০০০.০০৭.১১.০০১.১৮(অংশ-১)-২১৮ সংখ্যক স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে ইতঃপূর্বে যে সকল প্রার্থীগণ আবেদন করেছেন তাদের আবেদনসমূহ গৃহীত হওয়ায় এ সকল প্রার্থীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

| নং | পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১। | সহকারী পরিচালক (গ্রেড-৯, বেতন স্কেল টা. ২২০০০-৫৩০৬০/-) | ০২ (দুই) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২। | সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯, বেতন স্কেল টা. ২২০০০-৫৩০৬০/-) | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) বোর্ড কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৩। | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (গ্রেড-৯, বেতন স্কেল টা. ২২০০০-৫৩০৬০/-) | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) বোর্ড কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৪। | পরিবহণ কর্মকর্তা (গ্রেড-১০, বেতন স্কেল টা. ১৬০০০-৩৮৬৪০/-) | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ৪(চার) বৎসর মেয়াদি মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। | |
| ০৫। | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩, বেতন স্কেল টা. ১১০০০-২৬৫৯০/-) | ০৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | |
| ০৬। | হিসাবরক্ষক (গ্রেড-১৩, বেতন স্কেল টা. ১১০০০-২৬৫৯০/-) | ০৯ (নয়) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। | |
| ০৭। | ক্যাশিয়ার (গ্রেড-১৪, বেতন স্কেল টা. ১০২০০-২৪৬৮০/-) | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। | |
| ০৮। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬, বেতন স্কেল টা. ৯৩০০-২২৪৯০/-) | ১৮ (আঠার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকিতে হইবে। | |
| ০৯। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (গ্রেড-১৬, বেতন স্কেল টা. ৯৩০০-২২৪৯০/-) | ০৯ (নয়) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | |
| ১০। | গাড়িচালক (গ্রেড-১৬, বেতন স্কেল টা. ৯৩০০-২২৪৯০/-) | ০২ (দুই) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে। | |

**শর্তাবলি:**

২। আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই নিম্নবর্ণিত শর্তাবলি অনুসরণ করতে হবে:

ক. **৩১/০৫/২০২৪** তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধা পুত্র-কন্যার পুত্র-কন্যা এর ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

খ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পুরণ সাপেক্ষে আবেদনপত্র পুরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

গ. সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ৫, ৭, ৮, ৯, ১০ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন;

ঘ. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র ও লাইসেন্স এর মূল কপি প্রদর্শন করতে হবে এবং পুরণকৃত Application Form সহ সনদপত্রের সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে;

ঙ. আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/পিতামহ/মাতামহ এর বীর মুক্তিযোদ্ধার সনদের সত্যায়িত ফটোকপি এবং বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে ক্ষেত্রে প্রমাণক স্বরূপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি জমা দিতে হবে;

চ. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না;

ছ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এসংক্রান্ত বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

জ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

ঝ. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, অসত্য বা বিজ্ঞপ্তিতে যাচিত নূন্যতম শর্তের সাথে গরমিল/ অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ ভূয়া প্রমানিত হলে কিংবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঞ. ভুল তথ্য বা জাল কাগজপত্র দাখিল করলে পরীক্ষা চলাকালীন বা পরবর্তী যে কোন সময় সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ট. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

ঠ. বোর্ডের ২৯ মে, ২০২৩ তারিখের ০৫.৮১.০০০০.০০৭.১১.০০১.১৮(অংশ-১)-২১৮ সংখ্যক স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক যে সকল প্রার্থীগণ আবেদন করেছেন তাদের আবেদন গৃহীত হওয়ায় পুনরায় আবেদন করার প্রয়োজন নেই;

ড. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার প্রতিশ্রুতবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আলাদত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে তিনি আবেদন করার ক্ষেত্রে অযোগ্য বিবেচিত হবেন।।

৩. **আবেদনপত্র পুরণসংক্রান্ত শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ http://bkkb.teletalk.com.bdওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online- এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৯/০৫/২০২৪ সকাল ০৯:০০টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১/০৫/২০২৪ বিকাল ৪:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পুরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পুরণকৃত আবেদপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষাসংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। প্রার্থী উক্ত Applicant's copy প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০১-০৩ নং ক্রমিকের জন্য **অফেরতযোগ্য** পরীক্ষার ফি বাবদ ৬০০/-(ছয়শত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬৯.০০ টাকাসহ মোট ৬৬৯/- (ছয়শত উনসত্তুর) টাকা, ০৪ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৫৮.০০ টাকাসহ মোট ৫৫৮/- (পাঁচশত আটান্ন) টাকা, এবং ০৫-১০ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩.০০ টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online এর আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online- আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহিত হবে না"।

**প্রথম SMS: BKKB<space>User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BKKB ABCDEF & Send to 16222
Reply: Applicant's Name, Tk.667/556/223 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BKKB<Space>YES<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** BKKB<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BKKB YES 12345678.
Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for **BKKB** Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://bkkb.teletalk.com.bd** অথবা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের Website: www.bkkb.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষাসংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্যসংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: **BKKB**<space>**Help**<space>**User**<**User ID** & Send to 16222.
Example: BKKB Help User ABCDEF

ii. PIN Number জানা থাকলে: **BKKB**<space> **Help**<space>**PIN No** & Send to 16222.
Example: BKKB Help PIN 12345678

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: BKKB, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ঠ. শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৭-৫-২৪

( এ, কে, এম আবদুল্লাহ খান )
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ)